14

দৈনিক ইনকিলাব

তারিখ 27 APR 1994
পৃষ্ঠা ৫ কলাম ৬

# শিক্ষাঙ্গন

## একটি ব্যতিক্রমধর্মী কিণ্ডার গার্টেন মাদ্রাসা জামেয়া রশীদিয়া ঢাকা

ইসলাম সর্বকালের সর্বশ্রেষ্ঠ জীবনাদর্শ। এই জীবনাদর্শ সমাজ ও রাষ্ট্রীয় জীবনের সর্বক্ষেত্রে প্রতিষ্ঠিত করার জন্য ইসলামী জ্ঞানে সমৃদ্ধ প্রভাবশালী ব্যক্তিদের এগিয়ে আসা উচিত। কিন্তু বাস্তব সত্য এই যে, সমাজের প্রতিষ্ঠিত ও প্রভাবশালী ব্যক্তিবর্গের অধিকাংশই ইসলামী জ্ঞান থেকে বঞ্চিত। এ মহলের লোকরা ইসলামকে ভালবাসলেও নিজেদের সন্তানদের ইসলামী তথা মাদ্রাসা শিক্ষা দিতে আগ্রহী হন না। এর বিভিন্ন কারণের মধ্যে মুখ্য কারণ হচ্ছে মাদ্রাসা শিক্ষাঙ্গনে আধুনিক রুচিসম্মত উন্নত পরিবেশ ও ব্যবস্থাপনার অভাব। ধনবান প্রভাবশালী ব্যক্তিরা এ কারণে এ সকল মাদ্রাসায় নিজ সন্তানদের পাঠাতে আগ্রহী হন না। ছেলেরা এ পরিবেশে নিজেদের খাপ খাওয়াতে পারে না। এজন্য অভিভাবক ও ছাত্রদের এ শিক্ষার প্রতি আকৃষ্ট করতে হলে কিণ্ডার গার্টেন ও ক্যাডেট কলেজ ধরনের স্ট্যাণ্ডার্ড মাদ্রাসা গড়ে তোলা আবশ্যক।

তাই জামেয়া রশীদিয়া ঢাকা পল্লবীর এক মনোরম পরিবেশে আধুনিক রুচিসম্মত মোজাইক করা ত্রিতল সুদৃশ্য এক অট্টালিকায় মাদ্রাসা শুরু করা হয়েছে। মাদ্রাসাটি সম্পূর্ণ আবাসিক। খাওয়া, থাকা, পোশাক-পরিচ্ছদ, টয়লেট, কিচেন, ডায়নিং সব কিছুতেই রয়েছে আধুনিক রুচির ছাপ। মক্তব, হেফজ, কিতাব এই তিনটি শাখা খোলা হয়েছে। ছাত্রদের সর্বক্ষণ অভিজ্ঞ শিক্ষকদের তত্ত্বাবধানে থাকতে হয়। সময় নষ্ট করার সুযোগ নেই। সব কিছুই চলে সময়মত; রুটিনমাফিক। ছুটিও অত্যন্ত কম। উন্নতমানের খানা, নাস্তা ও আনুসংগিক ব্যয় নির্বাহের জন্য প্রতি ছাত্রের থেকে মাসিক ১৫০০ টাকা (পনের শ') টাকা গ্রহণ করা হয়। প্রচলিত চাঁদা প্রথার পরিবর্তে ছাত্রদের প্রদত্ত মাসিক অর্থই প্রতিষ্ঠানের আয়ের একমাত্র উৎস। ছাত্রদের খেলাধুলার ব্যবস্থা আছে। ছাত্রদের খানা, নাসতা কাপড় কাচা ইস্ত্রি করা ও দেখাশুনার জন্য রয়েছে প্রয়োজনীয়সংখ্যক খাদেম।

মাদ্রাসাটি বর্তমানে একটি ভাড়া বাড়ীতে চলছে। যার ভাড়া প্রতিমাসে ১৫.০০০ টাকা। পরিকল্পিত লক্ষ্যসমূহ বাস্তবায়নার্থে মাদ্রাসার নিজ ভূমি ও ভবন নির্মাণের জন্য প্রচুর অর্থের প্রয়োজন। কর্তৃপক্ষ এই ব্যাপারে সকলের আন্তরিক দোয়া ও সার্বিক সহযোগিতা কামনা করছে।

—মাওলানা, এরশাদুল্লাহ, মুহতামিম ই/১৫, পল্লবী এক্সটেনশন, ঢাকা।

ATISTICS
3. SYSTEM
SHEET — OF — SHEETS